নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১০.২৫-১৩

তারিখ: ২৪ পৌষ ১৪৩২ / ০৮ জানুয়ারি ২০২৬

# পরিপত্র-১২

**বিষয় : ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ উপলক্ষে ভোটগ্রহণের সময় সংক্রান্ত গণবিজ্ঞপ্তি, ভোটগ্রহণ বন্ধ ঘোষণা, পুনঃভোটগ্রহণ, পুনঃনির্বাচন, প্রার্থীদের নাম ও প্রতীক সম্বলিত ব্যানার প্রদর্শন, ভোটকেন্দ্রে প্রবেশাধিকার এবং ডাকযোগে সরাসরি নির্বাচন কমিশনে ফলাফল প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ভোটগ্রহণের সময় সম্পর্কে ভোটারগণকে অবগতকরণের লক্ষ্যে স্থানীয়ভাবে গণবিজ্ঞপ্তির মাধ্যমে ব্যাপক প্রচার, নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণে ভোটগ্রহণ বন্ধ ঘোষণা ও পুনঃভোটগ্রহণ, ব্যালট বাক্স ব্যবহার, প্রার্থীদের নাম-প্রতীক সম্বলিত ব্যানার ও ভোটকেন্দ্রের প্রবেশাধিকার সংক্রান্ত ব্যানার প্রদর্শন এবং ডাকযোগে সরাসরি নির্বাচন কমিশনে ফলাফল প্রেরণ সংক্রান্ত বিষয়ে নির্বাচন কমিশন বিস্তারিত নির্দেশনা প্রদান করেছেন।

**০২। ভোটগ্রহণের সময়:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ২৪ অনুসারে রিটার্নিং অফিসার, নির্বাচন কমিশনের নির্দেশ সাপেক্ষে, ভোটগ্রহণের সময় নির্ধারণ করে গণবিজ্ঞপ্তি জারি করেছেন। আগামী ২৯ মাঘ ১৪৩২/ ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বৃহস্পতিবার সকাল ০৭.৩০ টা হতে বিকাল ০৪.৩০ টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ করার জন্য নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন। রিটার্নিং অফিসার প্রত্যেক নির্বাচনি এলাকার জন্য ভোটগ্রহণের দিন ও সময় উল্লেখ করে প্রতীক বরাদ্দের পর যথাশীঘ্র সম্ভব ত্রয়োদশ জাতীয় সংসদ ও গণভোটসহ গণবিজ্ঞপ্তি জারি করে স্থানীয়ভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন এবং তার একটি অনুলিপি নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করবেন।

**০৩। ভোটগ্রহণ বন্ধ ঘোষণা**: প্রিজাইডিং অফিসারের নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে যদি কোন সময় ভোটগ্রহণ বিঘ্নিত বা বাধাগ্রস্ত হয় এবং তা ভোটগ্রহণের জন্য নির্ধারিত সময়ের মধ্যে পুনরায় শুরু করা সম্ভব না হয়, তা হলে তিনি গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২৫ এর বিধান **(পরিশিষ্ট-ক)** অনুসারে অনতিবিলম্বে ভোটগ্রহণ বন্ধ করে দিবেন এবং রিটার্নিং অফিসারকে অবহিত করিবেন। ভোটকেন্দ্রে ব্যবহৃত কোন স্বচ্ছ ব্যালট বাক্স প্রিজাইডিং অফিসারের হেফাজত হতে বেআইনীভাবে ও জোরপূর্বক অপসারণ করা হলে বা দুর্ঘটনাক্রমে ক্ষতিগ্রস্ত হলে বা ইচ্ছাকৃতভাবে নষ্ট করা হলে বা হারিয়ে গেলে বা এরূপ ক্ষতিগ্রস্থ বা বিকৃত হলে বা এই পরিমাণ হস্তক্ষেপ করা হয় যে, সেই কেন্দ্রের ভোটের ফলাফল নির্ধারণ করা যাবে না, সেক্ষেত্রে প্রিজাইডিং অফিসার ভোটগ্রহণ বন্ধ করে দেবেন এবং রিটার্নিং অফিসারকে অবহিত করবেন। সেক্ষেত্রে বন্ধ ঘোষিত কেন্দ্রের ভোট গণনা করা যাবে না। রিটার্নিং অফিসার অনতিবিলম্বে উক্ত ঘটনা সম্পর্কে নির্বাচন কমিশনের নিকট একটি প্রতিবেদন পেশ করবেন এবং যথাশীঘ্র সম্ভব, নির্বাচন কমিশনের অনুমোদন নিয়ে নতুন ভাবে ভোটগ্রহণের জন্য একটি তারিখ ও স্থান নির্ধারণ করবেন ।

**০৪। বন্ধ ঘোষিত ভোটকেন্দ্রে পুনঃ ভোটগ্রহণ**: যে ভোটকেন্দ্রে ভোটগ্রহণ বন্ধ হবে সেই ভোটকেন্দ্রের ফলাফল ব্যতীত যদি উক্ত নির্বাচনি এলাকার ফলাফল অবশিষ্ট ভোটকেন্দ্রের ফলাফল দ্বারা নির্ধারিত না হয়, তা হলে নির্বাচন কমিশন উক্ত ভোটকেন্দ্রে পুনঃ ভোটগ্রহণের জন্য রিটার্নিং অফিসারকে নির্দেশ প্রদান করবেন। রিটার্নিং অফিসার নির্বাচন কমিশনের নির্দেশক্রমে উক্ত ভোটকেন্দ্রে/ভোটকেন্দ্রসমূহে ভোটগ্রহণের জন্য একটি দিন ও সময় ধার্য করে গণবিজ্ঞপ্তি জারি করবেন। এরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট ভোটকেন্দ্রাধীন সকল ভোটার ভোট দিতে পারবেন।

**০৫। কতিপয় ক্ষেত্রে কমিশনের নির্বাচনি কার্যক্রম বন্ধ করার ক্ষমতা:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৯১ এর বিধান অনুসারে কমিশনের নিকট যদি প্রতীয়মান হয় যে, নির্বাচনে বল প্রয়োগ, ভীতি-প্রদর্শন এবং চাপ সৃষ্টিসহ বিভিন্ন বিরাজমান অপকর্মের কারণে যুক্তিযুক্ত ন্যায়সঙ্গত ও নিরপেক্ষভাবে এবং আইন অনুযায়ী নির্বাচন পরিচালনা নিশ্চিত করা সম্ভব নয় বা দৈব দুর্বিপাকের কারণে উক্ত নির্বাচন পরিচালনা সম্ভব হবে না, সেক্ষেত্রে যে কোন ভোটকেন্দ্র বা ক্ষেত্রমত, সম্পূর্ণ নির্বাচনি এলাকায় নির্বাচনের যে কোন পর্যায়ে ভোটগ্রহণসহ নির্বাচনি কার্যক্রম বন্ধ করতে পারবেন **(পরিশিষ্ট-খ)**।

অফিসের ঠিকানা ঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ ঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইল ঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস ঃ www.ecs.gov.bd

**০৬। ডাকযোগে (OCV ও ICPV) ভোটদান**: ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ অনুসারে ভোটার যোগ্য ব্যক্তিগণ, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২৭ অনুসারে ডাকযোগে পোস্টাল ব্যালটের মাধ্যমে (OCV ও ICPV) ভোটদানের ব্যবস্থা রয়েছে। অনুচ্ছেদ ২৭ এর দফা (১) এর উপ-দফা (ঘ) এ উল্লেখিত প্রবাসী ভোটারগণ পোস্টাল ব্যালটে ভোট প্রদান করিতে ইচ্ছুক হলে কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতি ও ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে তালিকাভুক্ত হয়ে ভোট দিতে পারবেন এবং কি পদ্ধতিতে ভোটাধিকার প্রয়োগ করবেন তা উক্ত অনুচ্ছেদে উল্লেখ রয়েছে **(পরিশিষ্ট-গ)**। গত ১৮ নভেম্বর ২০২৫ তারিখে জারিকৃত নিকস-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৮.০২৫(অংশ-১)-৩৪২ পরিপত্রের মাধ্যমে বিদেশে অবস্থানরত বাংলাদেশী ভোটারদের পোষ্টাল ব্যালটের (আইটি সাপোর্টেড) মাধ্যমে ভোটদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে **(সংলগ্নী-১)**। এছাড়া গত ০৮ ডিসেম্বর ২০২৫ তারিখে জারিকৃত নিকস-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৭.০২৫-৩৫৯, ICPV পরিপত্র-১ এর মাধ্যমে অনুচ্ছেদ ২৭ এর দফা (১) এর উপ-দফা (ক), (খ) ও (গ) এ উল্লেখিত দেশে অবস্থানরত ভোটারগণকে পোষ্টাল ব্যালটের (আইটি সাপোর্টেড) মাধ্যমে ভোটদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে **(সংলগ্নী-২)**। উক্ত অনুচ্ছেদে এ সম্পর্কে রিটার্নিং অফিসারের করণীয় পরিশিষ্ট-গ তে বিশদভাবে উল্লেখ রয়েছে।

**০৭। প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম ও প্রতীক সম্বলিত ব্যানার প্রদর্শন**: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২০ এর দফা (২) অনুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম ও প্রতীক সম্বলিত পরিবেশবান্ধব ব্যানার প্রত্যেক ভোটকেন্দ্রে প্রদর্শন করতে হবে। সুতরাং রিটার্নিং অফিসার স্থানীয়ভাবে প্রয়োজনীয় সংখ্যক ব্যানার তৈরি করে ভোটকেন্দ্রে প্রদর্শনের জন্য প্রিজাইডিং অফিসারদের নিকট সরবরাহ করবেন।

**০৮। ভোটকেন্দ্রে প্রবেশাধিকার সংক্রান্ত ফেষ্টুন প্রদর্শন**: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২৯ অনুসারে যে সকল ব্যক্তি ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারেন অর্থাৎ ভোটকেন্দ্রে প্রবেশ করবার যোগ্য ব্যক্তিদের তালিকা সম্বলিত একটি ফেষ্টুন এর নমুনা নির্বাচন কমিশন কর্তৃক প্রণয়ন করা হয়েছে, যা জনসংযোগ অধিশাখা হতে সরবরাহ করা হবে। নমুনা অনুযায়ী ফেষ্টুন (পরিবেশবান্ধব) সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার স্থানীয়ভাবে মুদ্রণ করে ভোটকেন্দ্রভিত্তিক প্রিজাইডিং অফিসারদের নিকট সরবরাহ করবেন। ভোটগ্রহণের দিন ভোটগ্রহণ শুরু হওয়ার পূর্বেই ভোটকেন্দ্রের গুরুত্বপূর্ণ প্রবেশ পথে ও ভোটকেন্দ্রের প্রকাশ্য স্থানে কমপক্ষে একটি ফেষ্টুন প্রদর্শনের জন্য প্রিজাইডিং অফিসারদের নির্দেশনা প্রদান করতে হবে এবং ভোটকেন্দ্রে উপস্থিত থাকতে পারবেন এমন যোগ্য ব্যক্তি ব্যতীত অন্য কেহ যাতে ভোটকেন্দ্রে প্রবেশ করতে না পারেন তা নিশ্চিত করতে হবে। কোন অবস্থাতেই অবাঞ্ছিত ব্যক্তিকে ভোটকেন্দ্রে প্রবেশ করতে দেয়া যাবে না। প্রিজাইডিং অফিসারগণকে ভোটগ্রহণ চলাকালে ভোটকেন্দ্রের সার্বিক পরিস্থিতি তদারকি ও নিয়ন্ত্রণ করতে নির্দেশনা প্রদান করতে হবে।

**০৯। ভোটকেন্দ্রে গণভোট সংক্রান্ত ব্যানার প্রদর্শনঃ** নির্বাচন কমিশনের নির্দেশনা অনুযায়ী প্রতিটি ভোটকেন্দ্রে গণভোট সংক্রান্ত ব্যানার প্রদর্শন নিশ্চিত করতে হবে। উক্ত ব্যানারে জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ এবং জুলাই জাতীয় সনদে লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত লিখিত প্রস্তাবসমূহ সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে। উল্লেখ্য, গণভোট সম্বলিত ব্যানারের নমুনা নির্বাচন কমিশন কর্তৃক প্রণয়ন করা হয়েছে, যা জনসংযোগ অধিশাখা হতে সরবরাহ করা হবে। নমুনা অনুযায়ী ব্যানার (পরিবেশবান্ধব) সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার স্থানীয়ভাবে মুদ্রণ করে ভোটকেন্দ্রভিত্তিক প্রিজাইডিং অফিসারদের নিকট সরবরাহ করবেন। প্রিজাইডিং অফিসার প্রতিটি ভোটকেন্দ্রের দৃশ্যমান স্থানে কমপক্ষে একটি ব্যানার প্রদর্শনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এ সকল ব্যানার মুদ্রণের জন্য সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসারগণকে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা হবে।

**১০। প্রিজাইডিং অফিসার কর্তৃক ডাকযোগে সরাসরি নির্বাচন কমিশনে ভোটগণনার বিবরণী প্রেরণ**: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৩৬ এর দফা ১৫ এর বিধান অনুসারে প্রিজাইডিং অফিসার ভোটকেন্দ্র হতে সরাসরি ডাকযোগে নির্বাচন কমিশনে জাতীয় সংসদ ও গণভোটের ভোটগণনার বিবরণীর ০১ (এক) কপি প্রেরণ করবেন। এজন্য প্রতি ভোটকেন্দ্রে ০২টি করে বিশেষ খাম সরবরাহ করা হবে। নির্বাচন কমিশন সচিবালয় হতে প্রয়োজনীয় সংখ্যক মুদ্রিত খাম রিটার্নিং অফিসারগণের নিকট প্রেরণ করা হবে। বিশেষ খাম নির্বাচন কমিশন সচিবালয়ে পৌঁছানোর জন্য পোস্ট অফিসসমূহ যাতে ২৪ ঘন্টা খোলা রাখা হয়, সেজন্য ডাক বিভাগকে বিশেষ নির্দেশনা প্রদান করা হবে।

০৮.০২.২৬

(মোহাম্মদ মনির হোসেন)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

**বিতরণঃ**

১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ও রিটার্নিং অফিসার
৩। জেলা প্রশাসক (সকল) ও রিটার্নিং অফিসার

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১০.২৫-১৩

তারিখ: ২৪ পৌষ ১৪৩২ / ০৮ জানুয়ারি ২০২৬

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, ................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, আপন বিভাগ/জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৭. সচিব, ................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্টগার্ড/এনটিএমসি/ডিজিএফআই/এনএসআই, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. বিভাগীয় কমিশনার (সকল)
১৩. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল)
১৪. উপমহাপুলিশ পরিদর্শক, (সকল রেঞ্জ)
১৫. প্রকল্প পরিচালক, আইডিইএ (২য় পর্যায়) প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
১৮. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল)
২০. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
২১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
২২. পুলিশ সুপার, (সকল)
২৩. উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
২৪. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, (সকল)
২৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার অনুরোধসহ]
২৬. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ..........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার।
২৭. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ..........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার।
২৮. ....................................................... সহকারী রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, (সকল)
৩০. জেলা তথ্য অফিসার, (সকল)
৩১. উপজেলা নির্বাহী অফিসার, (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
৩২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................. এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩৬. উপজেলা/থানা নির্বাচন অফিসার,......................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩৭. উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল)
৩৮. অফিসার ইন-চার্জ, (সকল)

০৮/০১/২০২৬

(মোঃ শহিদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

**পরিশিষ্ট-ক**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাচন কমিশন সচিবালয়

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২
(১৯৭২ সনের রাষ্ট্রপতির আদেশ নং ১৫৫)

*** *** *** ***

২৫ (১) কোনো ভোট কেন্দ্রের প্রিজাইডিং অফিসার ভোট গ্রহণ বন্ধ করিয়া দিবেন, এবং তিনি যে ইহা করিয়াছেন তাহা রিটার্নিং অফিসারকে অবহিত করিবেন, যদি-

(ক) প্রিজাইডিং অফিসারের নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে কোনো সময় ভোট কেন্দ্রে ভোট গ্রহণ এইরূপভাবে বাধাগ্রস্ত বা ব্যাহত হয় যে, ইহা অনুচ্ছেদ ২৪ এর অধীন নির্ধারিত ভোট গ্রহণের সময়ে পুনরায় শুরু করা সম্ভব নহে; বা

(খ) ভোট কেন্দ্রে ব্যবহৃত কোনো ব্যালট বাক্স প্রিজাইডিং অফিসারের হেফাজত হইতে বে-আইনিভাবে অপসারণ করা হইয়াছে বা দুর্ঘটনাক্রমে ক্ষতিগ্রস্ত হইয়াছে বা ইচ্ছাকৃতভাবে বিনষ্ট করা হইয়াছে বা হারাইয়া গিয়াছে বা এই পরিমাণ হস্তক্ষেপ করা হইয়াছে যে, সেই কেন্দ্রের ভোটের ফলাফল নির্ধারণ করা যাইবে না।

(২) যেইক্ষেত্রে দফা (১) এর অধীন ভোট গ্রহণ বন্ধ করিয়া দেওয়া হয়, সেইক্ষেত্রে রিটার্নিং অফিসার অবিলম্বে ঘটনা সম্পর্কে কমিশনকে রিপোর্ট করিবেন এবং কমিশন উক্ত ভোট কেন্দ্রে নতুন ভোট গ্রহণের নির্দেশ প্রদান করিবে, যদিনা উহা এই মর্মে সন্তুষ্ট হয় যে, একই এলাকার অন্যান্য ভোট কেন্দ্রের ভোটের ফলাফলের দ্বারা ভোট কেন্দ্রটির নির্বাচনের ফলাফল নির্ধারিত হইয়া গিয়াছে।

(৩) যেইক্ষেত্রে কমিশন দফা (২) এর অধীন নতুন ভোট গ্রহণের নির্দেশ প্রদান করে সেইক্ষেত্রে রিটার্নিং অফিসার, কমিশনের অনুমোদনক্রমে-

(ক) নতুন ভোট গ্রহণের জন্য একটি তারিখ নির্ধারণ করিবেন, এবং কোন্ স্থানে এবং কোন্ সময়ের মধ্যে এইরূপ নতুন ভোট গ্রহণ করা হইবে তাহা নির্দিষ্ট করিবেন; এবং

(খ) এইরূপে নির্ধারিত তারিখ এবং নির্দিষ্ট স্থান ও সময় সম্বন্ধে গণবিজ্ঞপ্তি জারি করিবেন।

(৪) দফা (৩) এর অধীন কোনো ভোট কেন্দ্রে যখন নতুন ভোট গ্রহণ করা হইবে, তখন উহাতে ভোট প্রদানের অধিকারী সকল ভোটারকে ভোট প্রদান করিতে দেওয়া হইবে এবং দফা (১) এর অধীন বন্ধকৃত ভোটের সময় প্রদত্ত কোনো ভোট গণনা করা হইবে না; এবং এই আদেশ ও উহার অধীন প্রণীত বিধি ও আদেশের বিধানাবলি অনুরূপ নতুন ভোট গ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।"

*** *** *** ***

পরিশিষ্ট-খ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাচন কমিশন সচিবালয়

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২
(১৯৭২ সনের রাষ্ট্রপতির আদেশ নং ১৫৫)

*** *** *** ***

৯১। ভিন্নরূপ কোন বিধান না থাকিলে, কমিশন-
(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, নির্বাচনে বল প্রয়োগ, ভীতি প্রদর্শন এবং চাপ সৃষ্টিসহ বিভিন্ন বিরাজমান অপকর্মের কারণে যুক্তিযুক্ত ন্যায়সঙ্গত এবং আইনানুগভাবে নির্বাচন পরিচালনা নিশ্চিত করিতে সক্ষম হইবে না, বা দৈব দূর্বিপাকের কারণে উক্ত নির্বাচন পরিচালনা সম্ভব না হয়, তাহা হইলে ইহা যে কোন ভোটকেন্দ্র বা ক্ষেত্রমত, সম্পূর্ণ নির্বাচনি এলাকায় নির্বাচনের যে কোন পর্যায়ে ভোট গ্রহণসহ নির্বাচনি কার্যক্রম বন্ধ করিতে পারিবে;

"(কক) যদি যে কোনো উৎস হইতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে এই মর্মে সন্তুষ্ট হয় যে, কোনো ভোটকেন্দ্র বা ভোটকেন্দ্রসমূহের ফলাফল বলপ্রয়োগ, ভীতি-প্রদর্শন, কারসাজি বা অন্যবিধ অপকর্ম বা অনিয়ম দ্বারা চরমভাবে পক্ষপাতদুষ্ট হইয়াছে, তাহা হইলে সেই ভোটকেন্দ্র বা ভোটকেন্দ্রসমূহের ফলাফল স্থগিত করিবে, এবং এই বিষয়ে, কমিশন কর্তৃক যেইরূপ উপযুক্ত পদ্ধতি বিবেচিত হইবে সেইরূপ একটি পদ্ধতিতে, অতিসত্বর অনুসন্ধান করিবার পর, উহার নিকট ন্যায়সঙ্গত ও যথাযথ মনে হইলে, উক্তরূপ ভোটকেন্দ্র বা ভোটকেন্দ্রসমূহের ফলাফল প্রকাশ করিবার নির্দেশ প্রদান করিবে, বা উক্তরূপ ভোটকেন্দ্র বা ভোটকেন্দ্রসমূহের বা ক্ষেত্রমত সম্পূর্ণ নির্বাচনি এলাকার নির্বাচন বাতিল ঘোষণাপূর্বক উক্তরূপ ভোটকেন্দ্র বা ভোটকেন্দ্রসমূহে বা ক্ষেত্রমত সম্পূর্ণ নির্বাচনি এলাকায় নতুন ভোট গ্রহণের নির্দেশনা প্রদান করিবে;"

(খ) এই আদেশ বা বিধিমালার অধীন কোনো কর্মকর্তা কর্তৃক কোনো ব্যালট পেপার নাকচ বা গ্রহণ সংক্রান্ত প্রদত্ত কোনো আদেশ পুনর্বিবেচনা করিতে পারিবে; এবং

(গ) এই আদেশ ও বিধিমালার বিধান অনুযায়ী ভোট কেন্দ্রের যে কোনো নির্বাচন যুক্তিযুক্ত, ন্যায়সঙ্গত এবং আইনানুগভাবে পরিচালনা নিশ্চিতকরণের জন্য, উহার মতে, প্রয়োজনীয় নির্দেশাবলি জারি করিতে, ক্ষমতা প্রয়োগ করিতে এবং আনুষঙ্গিক অন্যান্য আদেশ প্রদান করিতে পারিবে।

*** *** *** ***

**পরিশিষ্ট-গ**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**নির্বাচন কমিশন সচিবালয়**

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২
(১৯৭২ সনের রাষ্ট্রপতির আদেশ নং ১৫৫)

*** *** *** ***

২৭। (১)"নিম্নবর্ণিত ব্যক্তিগণ পোস্টাল ব্যালটে, নির্ধারিত পদ্ধতিতে, ভোট প্রদান করিতে পারিবেন, যথা:-

(ক) সরকারী চাকু**রি**রত কোন ব্যক্তি যিনি তাহার নির্বাচনি এলাকা **বা** ভোটার এলাকা ব্যতীত অন্য কোন এলাকায় চাকরীসূত্রে বা সরকারি দায়িত্ব পালনে নিয়োজিত রহিয়াছেন;

(খ) বাংলাদেশের কোন জেলখানায় বা আইনি হেফাজতে আটক থাকা কোন ব্যক্তি;

(গ) কোনো ব্যক্তি তিনি যে ভোটকেন্দ্রে ভোট প্রদানের অধিকারী সেই কেন্দ্র ব্যতীত, অন্যকোন ভোট কেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোনো দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন; এবং

(ঘ) বিদেশে বসবাসরত কোনো বাংলাদেশি ভোটার।

(২) পোস্টাল ব্যালটে ভোট প্রদান করিতে ইচ্ছুক কোনো ভোটার কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতি ও ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে তালিকাভুক্ত হইবেন—

(ক) দফা (১) এর উপ-দফা (ক) বা (খ) তে উল্লিখিত ব্যক্তির ক্ষেত্রে, অনুচ্ছেদ ১১ এর অধিন বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে পনের দিনের মধ্যে;

(খ) উক্ত উপ-দফা (গ) তে উল্লিখিত ব্যক্তির ক্ষেত্রে, তাহার নিয়োগপ্রাপ্তির পর অনতিবিলম্বে; এবং

(গ) দফা (১) এর উপ-দফা (ঘ) তে উল্লিখিত ভোটারের ক্ষেত্রে, কমিশন কর্তৃক দফা (১৩)-এর অধীন জারীকৃত পরিপত্র দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে।

(৩) এই আদেশে যাহা কিছুই থাকুক না কেন, কোন ভোটার দফা (২) এর অধীন তালিকাভুক্ত হইলে, কমিশন অবিলম্বে ডাকযোগে উক্ত ভোটারকে নিবন্ধিত রাজনৈতিক দলসমূহের জন্য বরাদ্দকৃত এবং স্বতন্ত্র প্রার্থীদের জন্য সংরক্ষিত নির্বাচনী প্রতীক সম্বলিত ব্যালট পেপার প্রেরণ করিবে। ভোটার একটি নির্দেশিকা, নির্ধারিত ঘোষণাপত্র এবং রিটার্নিং অফিসারের ঠিকানা সম্বলিত ফেরত খাম প্রাপ্ত হইবে।

(৪) প্রত্যেক ভোটারকে একটি স্বতন্ত্র শনাক্তকারী (unique identifier) নম্বর প্রদান করা হইবে, যাহা পোস্টাল ব্যালট personalization এবং ট্র্যাকিং করার জন্য ব্যবহার করা হইবে।

(৫) বাংলাদেশের কোন জেলখানায় বা আইনি হেফাজতে আটক ভোটারের নাম তালিকাভুক্তি সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইবে।

(৬) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ দফা (১)-এর (ক), (খ), (গ) ও (ঘ) উপ-দফায় উল্লিখিত ভোটারদেরকে পোস্টাল ব্যালটে ভোট প্রদানের সুবিধার্থে ও উৎসাহিত করিবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে, যাহাতে তাহারা সংবিধানের ২১ অনুচ্ছেদ অনুযায়ী নাগরিক দায়িত্ব পালনে অংশগ্রহণ করিতে পারে।

(৭) অনুচ্ছেদ ৩১-এ যাহা কিছুই থাকুক না কেন, দফা (১)-এ উল্লিখিত একজন ভোটার, পোস্টাল ব্যালটে প্রাপ্তির পর নির্ধারিত নির্দেশিকা অনুসারে তাহার পছন্দসই প্রতিদ্বন্দ্বী প্রার্থীর প্রতীকের পাশে একটি টিক চিহ্ন বা ক্রস চিহ্ন প্রদান করিবে, উক্ত ব্যালট, প্রাপ্ত ফেরত খামে সন্নিবেশ করিয়া সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট ডাকযোগে প্রেরণ করিবে।

(৮) কমিশন যেসব ভোটারকে পোস্টাল ব্যালট প্রদান করিয়াছে, তাহাদের তালিকা সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করিবে। রিটার্নিং অফিসার নিশ্চিত করিবেন যে, তালিকাভুক্ত ভোটারগণ সংশ্লিষ্ট ভোটকেন্দ্রে স্বশরীরে ভোট প্রদান করিবেন না।

(৯) এই অনুচ্ছেদের অধীন ইস্যুকৃত পোস্টাল ব্যালট এই আদেশের এই অনুচ্ছেদ ও অনুচ্ছেদ ৩৭ এর উদ্দেশ্যে পুরণকল্পে বৈধ ব্যালট পেপার বলিয়া গণ্য হইবে।

(১০) এই ধারার অধীন ইস্যুকৃত পোস্টাল ব্যালট, নিম্নলিখিত ক্ষেত্রে, রিটার্নিং অফিসার কর্তৃক গণনায় অন্তর্ভুক্ত হইবে না: —

(ক) একাধিক প্রতীকে টিক বা ক্রস চিহ্ন দেওয়া হইলে;

(খ) এমনভাবে টিক বা ক্রস চিহ্ন দেওয়া হয়েছে যে ভোটটি কোন প্রার্থীর পক্ষে দেওয়া হইয়াছে তাহা যুক্তিসঙ্গতভাবে নিশ্চিত করা যায় না;

(গ) ধারা ৩৭-এর অধীনে ফলাফল একত্রীকরণের (consolidation of results) আগে পোস্টাল ব্যালট রিটার্নিং অফিসার কর্তৃক গৃহীত না হইলে; অথবা

(ঘ) সংশ্লিষ্ট সময়ের মধ্যে কোন আদালতের আদেশে কোন নির্দিষ্ট নির্বাচনী আসনের প্রার্থী তালিকায় পরিবর্তন ঘটিলে।

(১১) এই অনুচ্ছেদের অধীন প্রত্যেকটি পোস্টাল ব্যালটে একটি স্বতন্ত্র শনাক্তকারী (unique identifier) নম্বর এবং কমিশন কর্তৃক অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর থাকিবে।

(১২) এই আদেশে যাহা কিছুই থাকুক না কেন, কমিশন অনুচ্ছেদ ১১ এর অধিন বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বে পোস্টাল ব্যালটে ইস্যু করিতে পারিবে।

(১৩) এই অনুচ্ছেদের উদ্দেশ্য পুরণকল্পে কমিশন এক বা একাধিক প্রজ্ঞাপন জারি করিতে পারিবে।

*** *** *** ***

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে

-৭-

-সংলগ্নী-২

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৮.২৫(অংশ-১)-৩৪২

তারিখ: ০৩ অগ্রহায়ন ১৪৩২ / ১৮ নভেম্বর ২০২৫

**পরিপত্র**

**বিষয় : ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ এ বিদেশে অবস্থানরত বাংলাদেশী ভোটারদের পোস্টাল ব্যালটের (আইটি সাপোর্টেড) মাধ্যমে ভোটদানের জন্য নিবন্ধন।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২৭ অনুসারে বাংলাদেশ নির্বাচন কমিশন আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ এ বিদেশে অবস্থানরত বাংলাদেশী ভোটারদের পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য নির্বাচন কমিশন কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট প্রদানের জন্য বিদ্যমান ব্যবস্থাকে প্রযুক্তিনির্ভর, আধুনিক ও সময়োপযোগী করার নিমিত্ত Postal Vote BD নামে একটি মোবাইল অ্যাপ প্রস্তুত করা হয়েছে। এর মাধ্যমে ভোট প্রদানে ইচ্ছুক বিদেশে অবস্থানরত বাংলাদেশী ভোটারগণ অনলাইনে আবেদন করে ভোট প্রদানের জন্য নিবন্ধন করতে পারবেন। বিদেশে অবস্থানরত আবেদনকারী ভোটারগণের তথ্যাদি যাচাইপূর্বক বাংলাদেশ ডাক বিভাগের মাধ্যমে তাদের বিদেশের ঠিকানায় পোস্টাল ব্যালট প্রেরণ করা হবে। রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দ হলে ভোটারগণ অ্যাপের মাধ্যমে সংশ্লিষ্ট আসনের প্রার্থী তালিকা সম্পর্কে অবগত হওয়ার পর প্রাপ্ত পোস্টাল ব্যালটে ভোট প্রদান করবেন। অতঃপর, প্রদত্ত ভোটের ব্যালট ফিরতি খামে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার বরাবর ডাকযোগে প্রেরণ করবেন। পোস্টাল ব্যালটে নিবন্ধিত ভোটার ব্যালট পেপার প্রেরণের অগ্রগতি অ্যাপের মাধ্যমে পর্যবেক্ষণ করতে পারবেন।

২। **পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য নিবন্ধনের সময়সীমা:** ১৮ নভেম্বর ২০২৫ তারিখ হতে প্রবাসী বাংলাদেশী ভোটারগণ **সংযুক্ত সিডিউল (সংশোধিত সংযুক্তি-১)** মোতাবেক Postal Vote BD অ্যাপের মাধ্যমে ভোট প্রদানের নিমিত্ত নিবন্ধন সম্পন্ন করতে পারবেন।

৩। **ভোটদানের নিবন্ধন পদ্ধতি:**

(ক) নিবন্ধন প্রক্রিয়ায় প্রবাসী ভোটার যে দেশ থেকে ভোট দিতে ইচ্ছুক কেবলমাত্র সেই দেশের মোবাইল নম্বর ব্যবহার করতে হবে।

(খ) পোস্টাল ব্যালট প্রাপ্তি এবং ভোট প্রদানের জন্য Google Play Store / App Store হতে 'Postal Vote BD' মোবাইল অ্যাপ ডাউনলোড ও ইনস্টল করতে হবে।

(গ) ব্যবহারকারী বাংলা/ইংরেজি যেকোন একটি ভাষা নির্বাচন করে অ্যাপে নিবন্ধনের নিমিত্ত প্রয়োজনীয় কাগজপত্র ও নির্দেশাবলী সম্পর্কে জানতে পারবেন।

(ঘ) আবেদনকারী ভোটার সংযুক্তি-২ অনুযায়ী নিবন্ধন করবেন। OTP, Liveliness ও NID যাচাইপূর্বক আবেদন প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

(ঙ) বিদেশে ব্যালট প্রাপ্তি নিশ্চিতকল্পে নির্ভুল ঠিকানা প্রদান আবশ্যক।

৪। **ভোটারের নিকট পোস্টাল ব্যালট প্রেরণ:** Postal Vote BD মোবাইল অ্যাপে নিবন্ধিত সকল ভোটারের নিকট পর্যায়ক্রমে ব্যালট পেপার প্রেরণ করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধিত ভোটারগণ প্রদত্ত ঠিকানায় নির্বাচন কমিশন কর্তৃক প্রেরিত পোস্টাল ব্যালটসহ খাম পাবেন। খাম প্রাপ্তির পরপরই ভোটারগণ Postal Vote BD মোবাইল অ্যাপ এ লগইন করে খামের উপর প্রদত্ত QR কোডটি স্ক্যান করবেন। এতে তিনি যে ব্যালট পেপারটি হাতে পেয়েছেন তা সিস্টেমে সনাক্ত হবে। ভোটারগণ নির্বাচন কমিশন হতে প্রাপ্ত বহির্গামী খামে (ফরম-৯) একটি পোস্টাল ব্যালট সম্বলিত খামের (ফরম-১০ক) মধ্যে পোস্টাল ব্যালট পেপার (ফরম-৭), একপাশে ভোট প্রদানের নির্দেশাবলী (ফরম-১১) ও অপর পাশে একটি ঘোষণাপত্র (ফরম-৮) সম্বলিত একটি পৃথক কাগজ এবং একটি ফেরত খাম (ফরম-১০) পাবেন যেখানে সংশ্লিষ্ট আসনের রিটার্নিং অফিসারের ঠিকানা মুদ্রিত থাকবে। ভোটারগণকে প্রেরিত পোস্টাল প্যাকেজের বিবরণ সংযুক্তি-৩ এ সন্নিবেশিত।

**৫। পোস্টাল ভোট প্রদান ও ব্যালট পেপার ডাকযোগে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ:**

(ক) পোস্টাল ভোটিং প্রক্রিয়ায় প্রেরিত ব্যালট পেপারে সকল প্রতীক মুদ্রিত থাকবে যার প্রতিটি প্রতীকের পাশে ফাকা ঘর রয়েছে। ভোটাধিকার প্রয়োগের পূর্বে ভোটারগণ নির্দেশনাপত্র পড়ে ঘোষণাপত্রে যথাযথভাবে ব্যালট পেপারের ক্রমিক নং, ভোটারের নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর উল্লেখ করে প্রদত্ত স্থানে স্বাক্ষর করবেন। নিরক্ষর/অক্ষম ব্যক্তি অন্য একজন বৈধ ভোটারের সাহায্যে ফরম-৮ এর সংশ্লিষ্ট অংশ পুরণ করত: সত্যয়ন করে স্বাক্ষর করবেন। এই ঘোষণাপত্র/সত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ছাড়া ব্যালট পেপারটি বৈধ হিসাবে গন্য হবে না।

(খ) প্রতীক বরাদ্দ সম্পন্ন হলে অ্যাপ-এর মাধ্যমে অথবা নির্বাচন কমিশনের ওয়েব সাইট হতে ভোটারগণ অবগত হবেন। ভোট প্রদানের জন্য ভোটারগণ *Postal Vote BD* মোবাইল অ্যাপ-এ লগইন করে সংশ্লিষ্ট আসনের প্রার্থীদের তালিকা দেখতে পাবেন এবং নির্দেশিকাতে প্রদত্ত পদ্ধতিতে ব্যালট পেপারে (ফরম-৭) মুদ্রিত প্রতীকের পাশে ফাঁকা ঘরে টিক (√) চিহ্ন কিংবা ক্রস (×) চিহ্ন প্রদান করবেন। *Postal Vote BD* মোবাইল অ্যাপ-এ ভোটদান পদ্ধতির ভিডিও টিউটোরিয়াল বা ডিজিটাল কন্টেন্ট থাকিবে।

(গ) পোস্টাল ব্যালট পেপারে ভোটার ভোট চিহ্নিত করবার পর শুধুমাত্র ব্যালট পেপারটি ছোট খামে (ফরম-১০ক) রেখে খামটি বন্ধ করবেন, অত:পর উক্ত ব্যালট পেপার সম্বলিত খামটি এবং স্বাক্ষরিত ঘোষণপত্রটি রিটার্নিং অফিসারের ঠিকানা মুদ্রিত খামে (ফরম-১০) প্রবেশ করিয়ে তা বন্ধ করে বন্ধকৃত খামটি ডাকযোগে দ্রুত প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন। উভয় খামই সেলফ এডহেসিভযুক্ত থাকবে ফলে সেলফ এডহেসিভ অংশের উপরিভাগের টেপটি খুলে নিলেই খাম বন্ধ হবে। এছাড়া উক্ত খামটি পাঠানোর জন্য কোন ডাক মাশুল প্রেরককে প্রদান করতে হবেনা। এটি বাংলাদেশ সরকার কর্তৃক পরিশোধিত থাকবে। পোস্টাল ভোট গণনা শুরু করার পূর্ব পর্যন্ত প্রাপ্ত পোস্টাল ব্যালট পেপার সমূহই কেবল গণনার আওতায় আসবে। ভোটদান প্রক্রিয়ার ফ্লো-চার্ট সংযুক্তি-৪ এ সন্নিবেশিত।

(ঘ) নির্বাচন কমিশন হতে কেন্দ্রীয়ভাবে পোস্টাল ব্যালট ভোটারের নিকট প্রেরণের পর হতে রিটার্নিং কর্মকর্তার নিকট ফেরত আসা পর্যন্ত সমগ্র প্রক্রিয়াটির বিভিন্ন পর্যায়ে ব্যালটের অবস্থান মোবাইল অ্যাপের মাধ্যমে পর্যবেক্ষণ করা যাবে। ভোটারগণ স্ব স্ব মোবাইল হইতে Postal Vote BD মোবাইল অ্যাপ ব্যবহার করে নিজ ব্যালটের অবস্থান পর্যবেক্ষণ করতে পারবেন।

**৬। ডাকযোগে প্রাপ্ত পোস্টাল ব্যালট পেপার সম্বলিত ফেরত খামসমূহ সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার কর্তৃক গ্রহণ ও সংরক্ষন:** রিটার্নিং অফিসার ডাকযোগে পোস্টাল ব্যালটের খামসমূহ প্রাপ্তির পর তার উপর প্রদত্ত QR কোড স্ক্যান করার মাধ্যমে প্রাপ্ত রেকর্ড রাখবেন, যা ফরম-১২ আকারে পোষ্টাল ব্যালট বিতরণ ও প্রাপ্তি তালিকা হিসাবে সফটওয়্যার হতে জেনারেট হবে। সফটওয়ার হতে জেনারেটকৃত এই ফরমে রিটার্নিং অফিসার স্বাক্ষর করবেন।

**৭। যথাযথ স্বাক্ষরবিহীন ঘোষণাপত্র (ফরম-৮)/ঘোষণাপত্র বিহীন ব্যালটের খাম (ফরম-১০ক) বাতিল/অবৈধ মর্মে সংরক্ষন:** রিটার্নিং অফিসার গণনার জন্য প্রাপ্ত খামসমূহ (ফরম-১০) খুলে প্রথমেই ঘোষণাপত্র (ফরম-৮) টি যথাযথভাবে স্বাক্ষরযুক্ত কিনা তা পরীক্ষা করে দেখবেন। যথাযথভাবে স্বাক্ষরযুক্ত না থাকলে এর সাথে প্রাপ্ত ব্যালট পেপারের খাম (ফরম-১০ক) না খুলেই ঘোষণাপত্রটি প্রত্যয়ণ করে বিনষ্ট হিসেবে বাতিল মর্মে তা ব্যালট সম্বলিত খাম (ফরম-১০ক) সহ একত্র করে সংরক্ষণ করবেন।

**৮। যথাযথ স্বাক্ষরযুক্ত ঘোষণাপত্র (ফরম-৮) সম্বলিত ব্যালটের খাম সমূহ গণনার জন্য আলাদা বাক্সে সংরক্ষণ:** যথাযথভাবে স্বাক্ষরযুক্ত ঘোষণাপত্র (ফরম-৮) আলাদা করে একটি খাম/বাক্সে এরুপভাবে প্রাপ্ত ঘোষণাপত্রসমূহ রাখবেন এবং ব্যালট পেপার সম্বলিত খাম (ফরম-১০ক) সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার নির্ধারিত বাক্সে সংরক্ষন করবেন।

**৯। পোস্টাল ব্যালটের মাধ্যমে প্রাপ্ত ভোট গণনা:** পোস্টাল ব্যালট পেপার গণনার জন্য রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে একটি গণনা কক্ষ প্রস্তুত করা হবে। পোস্টাল ভোট গণনার সময় প্রার্থী/নির্বাচনি এজেন্ট/প্রার্থীর প্রতিনিধি, গণমাধ্যমকর্মী, পর্যবেক্ষকগণ অন্যান্য কেন্দ্রের ন্যায় একই নীতিমালা অনুসরনে উপস্থিত থাকতে পারবেন। রিটার্নিং অফিসার পোস্টাল ভোট প্রদানের নিমিত্তে ডেভেলপকৃত সফটওয়্যারে লগইন করার পর সংশ্লিষ্ট সংসদীয় আসনের পোস্টাল ব্যালটের মাধ্যমে প্রদত্ত ভোটের সামগ্রিক চিত্র দেখতে/জানতে পারবেন। অত:পর নিম্নে উল্লেখিত পদ্ধতি অনুসরন করে প্রাপ্ত ব্যালট পেপারসমূহ গণনা করবেন:-

(ক) রিটার্নিং অফিসার ব্যালট পেপার সম্বলিত খাম (ফরম-১০ক) সমূহ গণনার জন্য বাক্স খুলবেন এবং একের পর এক ব্যালট পেপার সম্বলিত খাম (ফরম-১০ক) সমূহ খুলে ব্যালট পেপার (ফরম-৭) বের করবেন। বৈধ ব্যালট পেপারসমূহ প্রার্থীভিত্তিক আলাদা করবেন এবং তা গণনা করবেন;

(খ) যে সমস্ত পোস্টাল ব্যালটে কোন্ প্রার্থীর অনুকূলে ভোট প্রদান করা হয়েছে তা সঠিক বোঝা না যায় সেগুলো

অবৈধ/বাতিল ব্যালট হিসেবে আলাদা করবেন [গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২৭ (১০)(ii)];

(গ) প্রাপ্ত ফলাফল সাধারণ ভোটকেন্দ্রের ন্যায় ফরম-১৬(ক) তে লিপিবদ্ধ করে এর কপি প্রকাশ করবেন।

(ঘ) পোষ্টাল ব্যালট গ্রহণের সময়সীমা অতিক্রান্ত হবার পর যদি কোন পোস্টাল ব্যালট পেপার সম্বলিত খাম রিটার্নিং অফিসারের নিকট পৌছায় সেইক্ষেত্রে প্রাপ্ত পোস্টাল ব্যালটসমূহ রিটার্নিং অফিসার/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গ্রহণের তারিখ ও সময় উল্লেখসহ স্বাক্ষরপূর্বক সংরক্ষণ করবেন এবং উক্ত সংখ্যা প্রকাশ করবেন;

**১০। ভোটগণনার বিবরণী প্রস্তুত, প্রকাশ ও সরবরাহ:**

(ক) পোস্টাল ব্যালট পেপার গণনা শেষ হলে অন্যান্য সাধারণ কেন্দ্রের ন্যায় পোস্টাল ব্যালট এর ফলাফল ঘোষণা করতঃ সহকারী রিটার্নিং অফিসারগণ কর্তৃক প্রেরিত সাধারণ ভোটকেন্দ্রের ফলাফলের পাশাপাশি পোস্টাল ব্যালটে প্রাপ্ত ভোটের হিসাব ঘোষণা ও অন্যান্য কেন্দ্রের ফলাফলের সাথে একত্রিকরণ করে (ফরম-১৮) চূড়ান্ত ফলাফল প্রকাশ করবেন।

(খ) পোস্টাল ব্যালটের মাধ্যমে প্রাপ্ত ভোটের হিসাব একীভূত না করে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা যাবে না।

**১১। গণনা পরবর্তী পোস্টাল ব্যালট ও আনুষজ্ঞিক কাগজ-পত্রাদি হেফাজতকরণ:** গণনা কার্যক্রম শেষ হলে পোস্টাল ব্যালট পেপারের রেজিস্টার (ফরম-১২) একটি খামে, ফলাফল বিবরণী (ফরম-১৬) একটি খামে, প্রত্যেক প্রার্থীর অনুকূলে প্রাপ্ত ব্যালটসমূহ প্রার্থী ভিত্তিক প্রথমে আলাদা খামে দিয়ে পরবর্তীতে সকল প্রার্থীর বৈধ ভোটের খামসমূহ একটি বড় মাস্টার প্যাকেটে রেখে মুখ বন্ধ করে দিবেন। এছাড়া সকল ফেরত খাম (ফরম-১০) একটি খামে, স্বাক্ষরযুক্ত ঘোষণাপত্রসমূহ একটি খামে, ঘোষণাপত্রে ত্রুটির কারণে বিনষ্ট/বাতিলকৃত ঘোষণাপত্র ও তার সাথে প্রাপ্ত খাম (ফরম-১০ক) একটি খামে এবং অবৈধ হিসেবে বাতিলকৃক ব্যালট (ফরম-৭) সমূহ একটি খামে রেখে সকল খামের মুখ বন্ধ করে তা প্রদত্ত গানি ব্যাগে রাখবেন। সকল ফরম প্যাকেট গানি ব্যাগে আটকিয়ে সবশেষে গানি ব্যাগের মুখটি ভালোভাবে আটকিয়ে তা সীলগালা করে সংরক্ষন করবেন।

**১২। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত পোস্টাল ব্যালট সমূহ গণনা না করে তার সংখ্যা প্রকাশ:** গণনা কার্যক্রম শুরুর পর প্রাপ্ত পোস্টাল ব্যালট পেপারসমূহ গণনা না করে তা সংরক্ষন করতে হবে এবং তার হিসাব প্রকাশ করতে হবে।

**১৩। প্রার্থী এবং ভোটারদের মধ্যে ব্যাপক প্রচার:** পোস্টাল ব্যালটের নিবন্ধন প্রক্রিয়া বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন মাধ্যমে ব্যাপকভাবে প্রচারের জন্য নির্বাচন কমিশন এর পক্ষ হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**১৪। ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণঃ** নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট OCV উইং এর ব্যবস্থাপনায় পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটগ্রহণ ও নিবন্ধন বিষয়ে সকল নির্বাচনি কর্মকর্তাদের সম্যক ধারণা প্রদান করবেন এবং পোস্টাল ব্যালট সংক্রান্ত দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের আলাদা একটি প্রশিক্ষণের আয়োজন করবেন।

**সংযুক্তি:**

১) দেশ ভিত্তিক নিবন্ধন সিডিউল;

২) নিবন্ধন প্রক্রিয়ার ফ্লো-চার্ট;

৩) ভোটারগণকে প্রেরিত পোস্টাল প্যাকেজ;

৪) ভোটদান প্রক্রিয়ার ফ্লো-চার্ট।

০৭.১২.২৫

( মোহাম্মদ মনির হোসেন )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫ (অফিস)
মোবাইল: ০১৭১৯-৫৮৭৩৪৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিদেশে অবস্থানরত বাংলাদেশী মিশনসমূহের মাধ্যমে ব্যাপক প্রচারের অনুরোধসহ)
৪. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাক
৫. চেয়ারম্যান, বাংলাদেশ সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ, ঢাকা

৬. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, বাংলাদেশ ডাক বিভাগ, ঢাকা
৭. মহাপরিচালক, পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তর, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার (সকল)
৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা (সকল)
১০. জেলা প্রশাসক (সকল)
১১. পুলিশ সুপার (সকল)
১২. সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার (সকল)
১৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১৪. উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল)

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৮.২৫ (অংশ-১)-৩৪২ তারিখ: ০৩ অগ্রহায়ন ১৪৩২ / ১৮ নভেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মূখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, ........................ মন্ত্রনালয়/বিভাগ
৫. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৬. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৭. সচিব, ........................ মন্ত্রনালয়/বিভাগ
৮. মহাপরিচালক, ..................................................
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৪. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (বিভিন্ন মাধ্যমে ব্যাপক প্রচারের অনুরোধসহ)
১৬. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য]
১৭. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ......................................................, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য]
১৮. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]

০৭/১১/২০২৫
( মোঃ শহিদুল ইসলাম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০ (অফিস)
Email: sasemc1@gmail.com

(সংযুক্তি-১) (সংশোধিত)

প্রবাসী ভোটারগণের চাহিদার প্রেক্ষিতে অঞ্চলভিত্তিক নিবন্ধনের বিদ্যমান সিডিউল পরিবর্তন করে সকল দেশসমুহের জন্য একযোগে নিবন্ধন উন্মুক্ত করা হল।

**প্রবাসী ভোটারগণের জন্য এই নিবন্ধন প্রক্রিয়া আগামি ২৫ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত চলমান থাকবে।**

৭.১২.২৫

মোহাম্মদ মনির হোসেন
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা


সংযুক্তি -2

# ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন
## পোস্টাল ভোটিং (আইটি সাপোর্টেড)
### তালিকাভুক্তি প্রক্রিয়া




(সংযুক্তি-৩)

# ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন
## পোস্টাল ভোটিং (আইটি সাপোর্টেড)
### ভোটারগণকে প্রেরিত পোস্টাল প্যাকেজ



(সংযুক্তি-৪)

# ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন
## পোস্টাল ভোটিং (আইটি সাপোর্টেড)
### ভোটদান প্রক্রিয়া



নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

—সংলগ্নী-2

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৭.২৫-৩৫৯

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩২
০৮ ডিসেম্বর ২০২৫

## ICPV পরিপত্র-১

**বিষয় : ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ এ দেশে অবস্থানরত ভোটারদের পোস্টাল ব্যালটের (আইটি সাপোর্টেড) মাধ্যমে ভোটদানের জন্য নিবন্ধন।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২৭ এর দফা ১ এর উপ দফা (ক), (খ) ও (গ) এর আলোকে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ এ দেশে অবস্থানরত নিম্নবর্ণিত ব্যক্তিগণ পোস্টাল ব্যালটে, নির্ধারিত পদ্ধতিতে, যা In Country Postal Voting (ICPV) নামে অভিহিত, ভোট প্রদান করতে পারবেন, যথা:-

(ক) সরকারি চাকুরিরত কোন ব্যক্তি যিনি তার নির্বাচনি এলাকা বা ভোটার এলাকা ব্যতীত অন্য কোন এলাকায় চাকরীসূত্রে বা সরকারি দায়িত্ব পালনে নিয়োজিত আছেন;

(খ) বাংলাদেশের কোন জেলখানায় বা আইনি হেফাজতে আটক থাকা কোন ব্যক্তি;

(গ) কোনো ব্যক্তি তিনি যে ভোটকেন্দ্রে ভোট প্রদানের অধিকারী সেই কেন্দ্র ব্যতীত, অন্য কোন ভোটকেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোনো দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন;

এ লক্ষ্যে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট প্রদানের জন্য বিদ্যমান ব্যবস্থাকে প্রযুক্তিনির্ভর, আধুনিক ও সময়োপযোগী করার নিমিত্ত Postal Vote BD নামে একটি মোবাইল অ্যাপ প্রস্তুত করা হয়েছে। এর মাধ্যমে পোস্টাল ব্যালটে ভোট প্রদানে ইচ্ছুক গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২৭ এর দফা ১ এর উপদফা (ক) ও (গ) এ উল্লেখিত বাংলাদেশী ভোটারগণ অনলাইনে আবেদন করে ভোট প্রদানের জন্য নিবন্ধন করতে পারবেন। অনুচ্ছেদ ২৭ এর ১(খ) এ উল্লেখিত ভোটারগণ বাংলাদেশের কোন জেলখানা/আইনি হেফাজতে আটক থাকলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে নিবন্ধন করতঃ ভোট প্রদান করতে পারবেন। আবেদনকারী ভোটারগণের তথ্যাদি যাচাইপূর্বক বাংলাদেশ ডাক বিভাগের মাধ্যমে তাদের ঠিকানায় পোস্টাল ব্যালট প্রেরণ করা হবে। রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দ হলে ভোটারগণ অ্যাপের মাধ্যমে সংশ্লিষ্ট আসনের প্রার্থী তালিকা সম্পর্কে অবগত হওয়ার পর প্রাপ্ত পোস্টাল ব্যালটে ভোট প্রদান করে প্রদত্ত ব্যালট ফিরতি খামে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার বরাবর ডাকযোগে প্রেরণ করবেন। উল্লেখ্য, পোস্টাল ব্যালটে নিবন্ধিত ভোটারগণ সশরীরে ভোটকেন্দ্রে ভোট প্রদান করতে পারবেন না।

২। **পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য নিবন্ধনের সময়সীমা:** নির্বাচনি তফসিল ঘোষণার দিন হতে পনের দিন পর্যন্ত দেশে অবস্থানরত পোস্টাল ব্যালটে ভোটপ্রদানের যোগ্য ভোটারগণ Postal Vote BD অ্যাপের মাধ্যমে, নির্ধারিত পদ্ধতিতে, নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করবেন।

৩। **ভোটদানের নিবন্ধন পদ্ধতি:**

(ক) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২৭ এর দফা ১ (ক) ও ১ (গ) এ উল্লেখিত পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট প্রদানে ইচ্ছুক ভোটারগণ নিজ মোবাইল নম্বর ব্যবহার করে নিবন্ধন করবেন।

(খ) পোস্টাল ব্যালট প্রাপ্তি এবং ভোট প্রদানের জন্য Google Play Store/App Store হতে 'Postal Vote BD' মোবাইল অ্যাপ ডাউনলোড ও ইনস্টল করতে হবে।

(গ) ব্যবহারকারী বাংলা/ইংরেজি যেকোন একটি ভাষা নির্বাচন করে অ্যাপে নিবন্ধনের নিমিত্ত প্রয়োজনীয় কাগজপত্র ও নির্দেশাবলী সম্পর্কে জানতে পারবেন।

(ঘ) আবেদনকারী ভোটার সংযুক্তি-১ অনুযায়ী নিবন্ধন করবেন। নিবন্ধনের প্রথম পর্যায়ে সরকারি চাকুরীরত ভোটারগণের জন্য iBAS++ এবং নির্বাচনি দায়িত্বে নিযুক্ত ভোটারগণের জন্য নির্বাচন কমিশনের EMS প্যানেল হতে প্রাথমিক ভেরিফিকেশন সম্পন্ন করা হবে। অতঃপর OTP, Liveliness ও NID যাচাইপূর্বক আবেদন প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

অফিসের ঠিকানা:
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন: +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স: +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইল: secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস: www.ecs.gov.bd

(ঙ) ব্যালট প্রাপ্তি নিশ্চিতকল্পে নির্ভুল ঠিকানা প্রদান আবশ্যক।

(চ) বাংলাদেশের কোন জেলখানায় বা আইনি হেফাজতে আটক ভোটারের তালিকাভুক্তি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হবে এবং কর্তৃপক্ষ নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করে জেলখানা/আইনি হেফাজতে থাকা ভোটারগণের নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করবেনঃ

(১) জেলখানা/আইনি হেফাজত কর্তৃপক্ষের অধীনে অন্তরীণ ভোটারগণের ভোটদান প্রক্রিয়া সম্পন্ন করবার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ০২ (দুই) জন ব্যক্তিকে মনোনীত করবেন, যার মধ্যে একজন অপারেটর হিসেবে নিবন্ধন প্রক্রিয়া সম্পাদন করবেন;

(২) জেলখানা/আইনি হেফাজত কর্তৃপক্ষ পোস্টাল ব্যালটে ভোট প্রদানে ইচ্ছুক অন্তরীণ ভোটারগণের তালিকার সফটকপি/মুদ্রিত কপি সংযুক্ত-২ ছক অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষরসহ বাংলাদেশ নির্বাচন কমিশনে প্রেরণ করবেন; এবং

(৩) জেলখানা/আইনি হেফাজত কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় তালিকা অনুযায়ী পোস্টাল ব্যালটে ভোট প্রদানে ইচ্ছুক অন্তরীণ ভোটারগণের ডিজিটাল প্লাটফর্মে নিবন্ধন প্রক্রিয়া উপরোল্লিখিত মনোনীত ব্যক্তি সম্পন্ন করবেন।

**৪। ভোটারের নিকট পোস্টাল ব্যালট প্রেরণ:** নিবন্ধিত সকল ভোটারের নিকট পর্যায়ক্রমে পোস্টাল ব্যালট পেপার প্রেরণ করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধিত ভোটারগণ প্রদত্ত ঠিকানায় নির্বাচন কমিশন কর্তৃক প্রেরিত পোস্টাল ব্যালটসহ খাম পাবেন। জেলখানা/আইনি হেফাজতে অন্তরীন নিবন্ধিত ভোটারগণ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে পোস্টাল ব্যালটের খাম পাবেন। ভোটারগণ নির্বাচন কমিশন হতে প্রাপ্ত বহির্গামী খামে (ফরম-৯ক) একটি পোস্টাল ব্যালট সম্বলিত খামের (ফরম-১০ক) মধ্যে পোস্টাল ব্যালট পেপার (ফরম-৭), একপাশে ভোট প্রদানের নির্দেশাবলী (ফরম-১১) ও অপর পাশে একটি ঘোষণাপত্র (ফরম-৮) সম্বলিত একটি পৃথক কাগজ এবং একটি ফেরত খাম (ফরম-১০খ) পাবেন। ফেরত খামে সংশ্লিষ্ট আসনের রিটার্নিং অফিসারের ঠিকানা মুদ্রিত থাকবে। প্রত্যেক ব্যালট পেপারে একটি স্বতন্ত্র শনাক্তকারী (unique identifier) নম্বর থাকবে। ভোটারগণকে প্রেরিত পোস্টাল প্যাকেজের বিবরণ সংযুক্তি-৩ এ সন্নিবেশিত। পোস্টাল ব্যালটের খাম প্রাপ্তির পরপরই ভোটারগণ Postal Vote BD মোবাইল অ্যাপ এ লগইন করে খামের উপর প্রদত্ত QR কোডটি স্ক্যান করবেন। এতে তিনি যে ব্যালট পেপারটি হাতে পেয়েছেন তা সিস্টেমে সনাক্ত হবে। জেলখানা/আইনি হেফাজতে অন্তরীন ভোটারদের খামসমূহের QR কোড স্ক্যান/প্রাপ্তি স্বীকার সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত ব্যক্তি সম্পন্ন করবেন।

**৫। পোস্টাল ভোট প্রদান ও ব্যালট পেপার ডাকযোগে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ:**

(ক) পোস্টাল ভোটিং প্রক্রিয়ায় প্রেরিত ব্যালট পেপারে সকল প্রতীক মুদ্রিত থাকবে যার প্রতিটি প্রতীকের পাশে ফাকা ঘর/চেক বক্স মুদ্রিত থাকিবে; প্রার্থীর নাম মুদ্রিত থাকিবে না। ভোটাধিকার প্রয়োগের পূর্বে ভোটারগণ নির্দেশনাপত্র পড়ে ঘোষণাপত্রে যথাযথভাবে ব্যালট পেপারের ক্রমিক নং, ভোটারের নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর উল্লেখ করে প্রদত্ত স্থানে স্বাক্ষর করবেন। নিরক্ষর/অক্ষম ব্যক্তি অন্য একজন বৈধ ভোটারের সাহায্যে ফরম-৮ এর সংশ্লিষ্ট অংশ পুরণ করতঃ সত্যায়ন করে স্বাক্ষর করাবেন। এই ঘোষণাপত্র/সত্যায়নপত্র ছাড়া ব্যালট পেপারটি বৈধ হিসাবে গণ্য হবে না।

(খ) প্রতীক বরাদ্দ সম্পন্ন হলে অ্যাপ-এর মাধ্যমে অথবা নির্বাচন কমিশনের ওয়েব সাইট হতে ভোটারগণ প্রতিদ্বন্দ্বী প্রার্থী ও তার অনুকূলে বরাদ্দকৃত প্রতীক সম্পর্কে অবগত হবেন। ভোট প্রদানের জন্য ভোটারগণ *Postal Vote BD* মোবাইল অ্যাপ-এ লগইন করে সংশ্লিষ্ট আসনের প্রার্থীদের তালিকা দেখতে পাবেন এবং নির্দেশিকাতে প্রদত্ত পদ্ধতিতে ব্যালট পেপারে (ফরম-৭) মুদ্রিত প্রতীকের পাশে ফাঁকা ঘরে টিক (√) চিহ্ন কিংবা ক্রস (×) চিহ্ন প্রদান করবেন। *Postal Vote BD* মোবাইল অ্যাপ-এ ভোটদান পদ্ধতির ভিডিও টিউটোরিয়াল বা ডিজিটাল কন্টেন্ট থাকিবে। জেলখানা/আইনি হেফাজতে অন্তরীন নিবন্ধিত ভোটারগন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ভোট প্রদানের জন্য নির্ধারিত স্থান হতে ভোটাধিকার প্রয়োগ করবেন। যথাযথভাবে ভোট প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট ভোটারকে কারা/আইনী হেফাজত কর্তৃপক্ষ ভোটারের নিজ নিজ আসনের প্রার্থীদের নাম-প্রতীক সম্বলিত চূড়ান্ত প্রার্থী তালিকার কপি মূদ্রণ করে সরবরাহ করবেন। এক্ষেত্রে ভোটের গোপনীয়তা রক্ষার্থে তাদের ভোট প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উপযুক্ত পরিবেশ নিশ্চিত করবেন। ভোটাধিকার প্রয়োগের পূর্বে ভোটারগণ নির্দেশনাপত্র ও ঘোষণাপত্রটি পড়ে ঘোষণাপত্রে ব্যালটের ক্রমিক নম্বর, ভোটারের নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর উল্লেখ করে স্বাক্ষর করবেন। যদি ভোটার স্বাক্ষরদানে অক্ষম হয়ে থাকেন তবে উক্ত ঘোষণাপত্রটি (ফরম-৮) অন্য একজন ভোটার কর্তৃক সত্যয়ন করতে হবে।

(গ) পোস্টাল ব্যালট পেপারে ভোটার ভোট চিহ্নিত করবার পর শুধুমাত্র ব্যালট পেপারটি ছোট খামে (ফরম-১০ক) রেখে খামটি বন্ধ করবেন, অত:পর উক্ত ব্যালট পেপার সম্বলিত খামটি এবং স্বাক্ষরিত ঘোষণপত্রটি রিটার্নিং অফিসারের ঠিকানা মুদ্রিত হলুদ খামে (ফরম-১০খ) প্রবেশ করিয়ে তা বন্ধ করে বন্ধকৃত খামটি ডাকযোগে দ্রুত প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন। উভয় খামই সেলফ এডহেসিভযুক্ত থাকবে ফলে সেলফ এডহেসিভ অংশের উপরিভাগের টেপটি খুলে নিলেই খাম বন্ধ হবে। এছাড়া উক্ত খামটি পাঠানোর জন্য কোন ডাক মাশুল প্রেরককে প্রদান করতে হবেনা। এটি বাংলাদেশ সরকার কর্তৃক পরিশোধিত থাকবে। ভোটগ্রহণের নির্ধারিত সময় শেষ হবার পূর্ব পর্যন্ত প্রাপ্ত পোস্টাল ব্যালট পেপার সমূহই কেবল গণনার

আওতায় আসবে। জেলখানা/আইনি হেফাজতে অন্তরীন ভোটার ভোট দানের পর বন্ধকৃত খামটি সংশ্লিষ্ট জেলখানা/আইনি হেফাজত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থানে/বাক্সে জমা করবেন। ভোটদান প্রক্রিয়ার ফ্লো-চার্ট সংযুক্তি-৪ এ সন্নিবেশিত।

(ঘ) ভোট প্রদান প্রক্রিয়া সমাপ্তির পর সংশ্লিষ্ট জেলখানা/আইনী হেফাজত কর্তৃপক্ষ প্রদেয় ভোটসহ পোস্টাল ব্যালটের সকল খাম সুরক্ষিত ভাবে সংরক্ষণ করবেন এবং যতদ্রুত সম্ভব পোস্টাল ব্যালট সম্বলিত সকল খামসমূহ উক্ত এলাকার ডাক বিভাগের নিকট প্রেরণ/হস্তান্তর করবেন।

(ঙ) উক্ত এলাকার ডাক বিভাগের সংশ্লিষ্ট প্রতিনিধি জেলখানা/আইনী হেফাজত কর্তৃপক্ষ হতে প্রাপ্ত পোস্টাল ব্যালট সম্বলিত সকল খামসমূহ দ্রুততার সাথে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের ঠিকানায় প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

(চ) জেলখানা/আইনী হেফাজতে অন্তরীন ভোটার ব্যতিত পোস্টাল ব্যালট ভোটারের নিকট প্রেরণের পর হতে রিটার্নিং কর্মকর্তার নিকট ফেরত আসা পর্যন্ত সমগ্র প্রক্রিয়াটির বিভিন্ন পর্যায়ে ব্যালটের অবস্থান মোবাইল অ্যাপের মাধ্যমে পর্যবেক্ষণ করা যাবে। ভোটারগণ স্ব স্ব মোবাইল হইতে Postal Vote BD মোবাইল অ্যাপ ব্যবহার করে নিজ ব্যালটের অবস্থান পর্যবেক্ষণ করতে পারবেন।

**৬। ডাকযোগে প্রাপ্ত পোস্টাল ব্যালট পেপার সম্বলিত ফেরত খামসমূহ সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার কর্তৃক গ্রহণ ও সংরক্ষন:** ডাক বিভাগ হতে প্রাপ্ত পোস্টাল ব্যালটসমূহ গ্রহণ, নথিভুক্তকরণ, সংরক্ষণ ও গণনার জন্য রিটার্নিং অফিসার একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে দায়িত্ব দেয়ার পাশাপাশি ভোট গণনার জন্য আসন ভিত্তিক একজন প্রিজাইডিং অফিসার এবং প্রয়োজনীয় সংখ্যক পোলিং অফিসার নিয়োগ করতে পারবেন। রিটার্নিং অফিসার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ডাকযোগে পোস্টাল ব্যালটের খামসমূহ প্রাপ্তির পর খামের উপর প্রদত্ত QR কোড স্ক্যান করার মাধ্যমে প্রাপ্ত পোস্টাল ব্যালটের রেকর্ড রাখবেন, যা ফরম-১২ আকারে পোষ্টাল ব্যালট বিতরণ ও প্রাপ্তি তালিকা হিসাবে সফটওয়্যার হতে জেনারেট হবে। সফটওয়ার হতে জেনারেটকৃত এই ফরমে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা স্বাক্ষর করবেন।

**৭। যথাযথ স্বাক্ষরবিহীন ঘোষণাপত্র (ফরম-৮)/ঘোষণাপত্র ছাড়া প্রাপ্ত ব্যালটের খাম (ফরম-১০ক) বাতিল/অবৈধ মর্মে সংরক্ষন:** প্রিজাইডিং অফিসার গণনার জন্য প্রাপ্ত খামসমূহ (ফরম-১০খ) খুলে প্রথমেই ঘোষণাপত্র (ফরম-৮) টি যথাযথভাবে স্বাক্ষরযুক্ত কিনা তা পরীক্ষা করে দেখবেন। ঘোষণাপত্র না থাকলে অথবা যথাযথভাবে স্বাক্ষরযুক্ত না থাকলে এর সাথে প্রাপ্ত ব্যালট পেপারের খাম (ফরম-১০ক) না খুলেই বিনষ্ট হিসেবে বাতিল মর্মে তা ব্যালট সম্বলিত খাম (ফরম-১০ক) সহ একত্র করে সংরক্ষণ করবেন।

**৮। যথাযথ স্বাক্ষরযুক্ত ঘোষণাপত্র (ফরম-৮) সম্বলিত ব্যালটের খাম সমূহ গণনার জন্য আলাদা বাক্সে সংরক্ষণ:** যথাযথভাবে স্বাক্ষরযুক্ত ঘোষণাপত্রসমূহ (ফরম-৮) আলাদা করে একটি খামে রাখবেন এবং ব্যালট পেপার সম্বলিত খাম (ফরম-১০ক) সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার নির্ধারিত বাক্সে সংরক্ষণ করবেন।

**৯। পোস্টাল ব্যালটের মাধ্যমে প্রাপ্ত ভোট গণনা:** পোস্টাল ব্যালট পেপার গণনার জন্য সাধারণ ভোটকেন্দ্রের ন্যায় রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে আলাদা গণনা কেন্দ্র প্রস্তুত করা হবে। প্রাপ্ত পোস্টাল ব্যালটসমূহ সংশ্লিষ্ট আসনের জন্য নির্ধারিত ব্যালট বাক্সে সুরক্ষিতভাবে সংরক্ষণ করতে হবে। পোস্টাল ভোট গণনার সময় প্রার্থী/নির্বাচনি এজেন্ট/পোলিং এজেন্ট, গণমাধ্যমকর্মী, পর্যবেক্ষকগণ অন্যান্য কেন্দ্রের ন্যায় একই নীতিমালা অনুসরনে উপস্থিত থাকতে পারবেন। রিটার্নিং অফিসার ডেভেলপকৃত সফটওয়্যারে লগইন করার পর সংশ্লিষ্ট সংসদীয় আসনের পোস্টাল ব্যালটের মাধ্যমে প্রদত্ত ভোটের সামগ্রিক চিত্র দেখতে/জানতে পারবেন। অত:পর নিম্নে উল্লেখিত পদ্ধতি অনুসরণ করে প্রাপ্ত ব্যালট পেপারসমূহ গণনা করবেন:-

(ক) প্রিজাইডিং অফিসার পোলিং অফিসারের সহায়তায় ব্যালট পেপার সম্বলিত খাম (ফরম-১০ক) সমূহ গণনার জন্য বাক্স খুলবেন এবং একের পর এক ব্যালট পেপার সম্বলিত খাম (ফরম-১০ক) সমূহ খুলে ব্যালট পেপার (ফরম-৭) বের করবেন। বৈধ ব্যালট পেপারসমূহ প্রার্থীভিত্তিক আলাদা করবেন এবং তা গণনা করবেন;

(খ) যে সমস্ত পোস্টাল ব্যালটে কোন্ প্রার্থীর অনুকুলে ভোট প্রদান করা হয়েছে তা সঠিক বোঝা না যায় সেগুলো অবৈধ/বাতিল ব্যালট হিসেবে আলাদা করবেন [গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২৭ (১০)(খ)];

(গ) প্রাপ্ত ফলাফল সাধারণ ভোটকেন্দ্রের ন্যায় ফরম-১৬(ক) তে লিপিবদ্ধ করে এর কপি প্রকাশ করবেন।

(ঘ) পোষ্টাল ব্যালট গ্রহণের সময়সীমা অতিক্রান্ত হবার পর যদি কোন পোস্টাল ব্যালট পেপার সম্বলিত খাম রিটার্নিং অফিসারের নিকট পৌছায় সেইক্ষেত্রে প্রাপ্ত পোস্টাল ব্যালটসমূহ রিটার্নিং অফিসার/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গ্রহণের তারিখ ও সময় উল্লেখসহ স্বাক্ষরপূর্বক সংরক্ষণ করবেন এবং উক্ত সংখ্যা প্রকাশ করবেন;

**১০। ভোটগণনার বিবরণী প্রস্তুত, প্রকাশ ও সরবরাহ:**

(ক) পোস্টাল ব্যালট পেপার গণনা শেষ হলে অন্যান্য সাধারণ কেন্দ্রের ন্যায় পোস্টাল ব্যালট এর ফলাফল ঘোষণা করতঃ সহকারী রিটার্নিং অফিসারগণ কর্তৃক প্রেরিত সাধারণ ভোটকেন্দ্রের ফলাফলের পাশাপাশি পোস্টাল ব্যালটে প্রাপ্ত ভোটের হিসাব ঘোষণা ও অন্যান্য কেন্দ্রের ফলাফলের সাথে একত্রিকরণ করে (ফরম-১৮) চূড়ান্ত ফলাফল প্রকাশ করবেন।

(খ) পোস্টাল ব্যালটের মাধ্যমে প্রাপ্ত ভোটের হিসাব একীভূত না করে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা যাবে না।

**১১। গণনা পরবর্তী পোস্টাল ব্যালট ও আনুষঙ্গিক কাগজ-পত্রাদি হেফাজতকরণ:** গণনা কার্যক্রম শেষ হলে পোস্টাল ব্যালট পেপারের রেজিস্টার (ফরম-১২) একটি প্যাকেটে, ফলাফল বিবরণী (ফরম-১৬ক) একটি প্যাকেটে, প্রত্যেক প্রার্থীর অনুকূলে প্রাপ্ত ব্যালটসমূহ প্রার্থী ভিত্তিক প্রথমে আলাদা প্যাকেটে রেখে পরবর্তীতে সকল প্রার্থীর অনুকূলে বৈধ ভোটের প্যাকেটসমূহ একটি বড় প্যাকেটে রেখে মুখ বন্ধ করে সীলগালা করে দিবেন। এছাড়া সকল ফেরত খাম (ফরম-১০ ও ফরম-১০খ) একটি প্যাকেটে, স্বাক্ষরযুক্ত ঘোষণাপত্রসমূহ একটি প্যাকেটে, ঘোষণাপত্রে ত্রুটির কারণে বিনষ্ট/বাতিলকৃত ঘোষণাপত্র ও তার সাথে প্রাপ্ত খাম (ফরম-১০ক) একটি বড় প্যাকেটে এবং অবৈধ হিসেবে বাতিলকৃত ব্যালট (ফরম-৭) সমূহ একটি প্যাকেটে রেখে সকল প্যাকেটের মুখ বন্ধ করে তা প্রদত্ত গানি ব্যাগে রাখবেন। সকল ফরম প্যাকেট গানি ব্যাগে রেখে সবশেষে গানি ব্যাগের মুখটি ভালোভাবে আটকিয়ে তা সীলগালা করে সংরক্ষন করবেন।

**১২। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত পোস্টাল ব্যালট সমূহ গণনা না করে তার সংখ্যা প্রকাশ:** পোস্টাল ব্যালট প্রাপ্তির জন্য নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পর প্রাপ্ত পোস্টাল ব্যালট পেপারসমূহ গণনা না করে তা সংরক্ষন করতে হবে এবং তার হিসাব প্রকাশ করতে হবে।

**১৩। প্রার্থী এবং ভোটারদের মধ্যে ব্যাপক প্রচার:** পোস্টাল ব্যালটের নিবন্ধন প্রক্রিয়া বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন মাধ্যমে ব্যাপকভাবে প্রচারের জন্য নির্বাচন কমিশন এর পক্ষ হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**১৪। ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণঃ** নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট OCV-SDI প্রকল্প এর ব্যবস্থাপনায় পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটগ্রহণ ও নিবন্ধন বিষয়ে সকল নির্বাচনি কর্মকর্তাদের সম্যক ধারণা প্রদান করবেন এবং পোস্টাল ব্যালট কেন্দ্রে নিয়োগকৃত কর্মকর্তাদের আলাদা একটি প্রশিক্ষণের আয়োজন করবেন।

**সংযুক্তি:**

১) নিবন্ধন প্রক্রিয়ার ফ্লো-চার্ট;
২) জেলখানা/ আইনি হেফাজতে অন্তরীন ভোটারগনের তথ্যের ফরম্যাট;
৩) ভোটারগণকে প্রেরিত পোস্টাল প্যাকেজ;
৪) ভোটদান প্রক্রিয়ার ফ্লো-চার্ট।

৮.১২.২৫

( মোহাম্মদ মনির হোসেন )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫ (অফিস)
মোবাইল: ০১৭১৯-৫৮৭৩৪৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাক
৪. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, বাংলাদেশ ডাক বিভাগ, ঢাকা
৫. বিভাগীয় কমিশনার (সকল)
৬. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা (সকল)
৮. জেলা প্রশাসক (সকল)
৯. সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার (সকল)
১০. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১১. উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল)

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৭.২৫-৩৫৯

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩২ / ০৮ ডিসেম্বর ২০২৫

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**


১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব, ........................ মন্ত্রনালয়/বিভাগ
৫. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৬. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৭. মহাপরিচালক, ........................................
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (বিভিন্ন মাধ্যমে ব্যাপক প্রচারের অনুরোধসহ)
১৫. পুলিশ সুপার (সকল)
১৬. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য]
১৭. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................................, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য]
১৮. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]

০৮/১২/২০২৫

( মোঃ শহিদুল ইসলাম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০ (অফিস)
Email: sasemc1@gmail.com

(সংযুক্তি-১)


ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন
পোস্টাল ভোটিং (আইটি সাপোর্টেড)
তালিকাভুক্তি প্রক্রিয়া
১ মোবাইল অ্যাপ ডাউনলোড করুন
POSTAL VOTE
২ নতুন অ্যাকাউন্ট তৈরি করুন
৩ মোবাইল নম্বর নিশ্চিত করুন
৪ OTP যাচাইকরণ
(+880) 170 000 0000
৫ আপনার অ্যাকাউন্ট লগইন করুন
৬ নিবন্ধনের জন্য জাতীয় পরিচয়পত্রের ছবি তুলুন
৭ সজীবতা পরীক্ষা (Liveliness Check)
৮ সেলফি তুলুন
৯ ব্যালট প্রাপ্তির ঠিকানা
১০
Download Postal Vote BD App
App Store
ইমেইল: info@ocv.gov.bd
ফোন: +8809610000105
facebook.com/BangladeshECS
youtube.com/@bangladeshecs
x.com/BangladeshECS
বাংলাদেশ নির্বাচন কমিশন
Bangladesh Election Commission
www.ecs.gov.bd


(সংযুক্তি-২)

জেলখানা/আইনি হেফাজত কর্তৃপক্ষ কর্তৃক অন্তরীন ভোটার এর অনুকূলে প্রেরিত তথ্যাদি

| ক্রমিক | ভোটারের নাম | এন আই ডি নম্বর | জন্ম তারিখ | কয়েদি নম্বর |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

(সংযুক্তি-৩)

# ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন
## পোস্টাল ভোটিং (আইটি সাপোর্টেড)
### ভোটারগণকে প্রেরিত পোস্টাল প্যাকেজ



(সংযুক্তি-৪)

# ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন
## পোস্টাল ভোটিং (আইটি সাপোর্টেড)
### ভোটদান প্রক্রিয়া




০৮/১২/২০২৫

মোঃ শহিদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।